# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : CC-XI

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'পোস্টমাস্টার' গল্পে পোস্টমাস্টারের অসুখে কে সেবা করেছিল? তখন সেবার সময় সে কোন কোন ভূমিকায় নিজেকে প্রকাশ করেছিল?

(খ) ম্যাটসিনি এবং গ্যারিবল্ডির উল্লেখ কোন গল্পে পাওয়া যায়? গল্পের কোন চরিত্র এই নামোল্লেখ করেছিলেন?

(গ) 'কুসুম' কোন গল্পের চরিত্র? তার পূর্ব ইতিহাস কী ছিল?

(ঘ) রবীন্দ্র-গল্প সম্ভারে বিরল একটি রাজনৈতিক গল্প তোমাদের পাঠ্য। গল্পটির নাম এবং গল্পের প্রধান চরিত্রের নাম লেখো।

(ঙ) 'কঙ্কাল' গল্পে ডাক্তার চরিত্রের নাম কী ছিল? এই গল্পে কঙ্কালের কল্পনার ইচ্ছাকৃত অসঙ্গতিটি কী?

(চ) তোমাদের পাঠ্য কোন রবীন্দ্র-গল্প নারীচেতনার জাগরণের প্রেক্ষিতে গুরুত্ব পেয়েছিল? গল্পের মূল সমস্যা যাকে নিয়ে, তার নাম কী?

(ছ) 'ল্যাবরেটরি' গল্পটি কোন রবীন্দ্র-গল্প সংকলনের অন্তর্গত? নন্দকিশোর সোহিনীর মধ্যে কী দেখেছিলেন?

(জ) 'ফসিল' গল্পে রাজকীয় ঢালকে কার সঙ্গে তুলনা করা হয়েছে? এই গল্পে চিড়ে-গুড়ের সঙ্গে আর কী বিতরণের উল্লেখ আছে?

(ঝ) তোমাদের পাঠ্য কোন গল্পটি মধ্যমপুরুষে রচিত? গল্পের প্রধান চরিত্র গোরুর গাড়ির চাকার আওয়াজে কোন কথা শুনতে পেয়েছিল?

(ঞ) বিয়ের সময়ে ক্ষেন্তির পরনে কী রঙের শাড়ি ছিল? তার বাবার নাম কী?

(ট) মহিম গাঙ্গুলী কোন অর্থব্যবস্থাকে দ্যোতিত করেছেন? তাঁর বাড়ির বিজলি বাতির উৎস কী ছিল?

(ঠ) 'টোপ' গল্পে কোন কোন টোপের কথা প্রত্যক্ষভাবে এবং ব্যঞ্জনায় বলা হয়েছে?

(ড) 'আদাব' গল্পের পটভূমি কোন শহর? কোন উৎসবের উল্লেখ পাওয়া যায় এই গল্পে?

(ঢ) ভাতের গন্ধের মধ্যে সাধন কাকে খোঁজে? সে দিনের বেলা নিজের মা'কে 'মা' ডাকতে পারত না কেন?

(ণ) 'ভেবেছিলাম' ছোটোগল্পে একটা বাক্য ধ্রুবপদের মতো বারবার বিবৃত হয়েছে— বাক্যটি উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) 'কঙ্কাল' গল্পে কঙ্কাল ও রূপসী নারীর দুটি বিপরীত রূপচিত্র একে অপরের সঙ্গে মিশে গেছে। —আলোচনা করো।

(খ) 'মেঘ ও রৌদ্র' গল্পে প্রাকৃতিক পটভূমিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'নিশীথে' গল্পে দক্ষিণাচরণের মানসিক জটিলতাই প্রাধান্য পেয়েছে। কিন্তু এরই ভিতর দিয়ে তার প্রথমা স্ত্রীর যে চরিত্র উঠে আসে তা আলোচনা করো।

(ঘ) 'টোপ' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(ঙ) আলো ঝলমল সভ্যতার চোখ ধাঁধানো ঔজ্জ্বল্যের অন্তরালে বর্বর যুগের আদিম অন্ধকার এখনও মানবজীবনে সমভাবে প্রবাহিত—'প্রাগৈতিহাসিক' গল্পের প্রেক্ষিতে মন্তব্যটি বিচার করো।

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পে সামান্য আয়োজনে উপস্থাপিত জীবনবোধকে 'পুঁইমাচা' গল্পে যেভাবে পাওয়া যায় তা আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'ল্যাবরেটরি' গল্পের সোহিনী এক কক্ষচ্যুত ছকভাঙা চরিত্র। — গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো।

(খ) হৃদয়ধর্ম ও সমাজধর্মের বিরোধ-বৃত্তান্তের মধ্যে দিয়ে হেমন্ত ও কুসুম চরিত্র দুটি উপস্থাপনে লেখকের যে মুনশিয়ানা—'ত্যাগ' গল্প অবলম্বনে তা আলোচনা করো।

(গ) 'রস' গল্পে রূপতৃষ্ণাকে ছাপিয়ে কর্মনিপুণতার প্রয়োজনীয়তা স্বীকৃত হয়েছে—আলোচনা করো।

(ঘ) 'সাঁঝ সকালের মা' গল্পে জটেশ্বরী প্রেমিকা-স্ত্রী-মা-ঠাকুরাণী। কিন্তু এই পরিচয়গুলি ছাপিয়ে ওঠে তার অনাহারে মৃত্যুর সত্য—আলোচনা করো।

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : CC-XII

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'আমাদের মধ্যে আজকাল একদল লোক মাথা তোলা দিয়াছেন।'—'একদল লোক' বলতে প্রাবন্ধিক কাদের বুঝিয়েছেন?

(খ) 'আমাদের ভাষা সংকট' কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়?

(গ) 'ভাদুলি' ব্রত কেন করা হয়?

(ঘ) 'বিলেতি' শব্দটি প্রাবন্ধিক কী অর্থে ব্যবহার করেছেন?

(ঙ) 'এতে বাংলা তো তার স্বধর্মই পালন করে চলেছে'—এখানে 'স্বধর্ম' বলতে কী বোঝানো হয়েছে?

(চ) 'সবারই উপর চরম প্রভুত্ব করছে ক্লাইভ স্ট্রীট'— কোন প্রেক্ষিতে লেখকের এই মন্তব্য?

(ছ) পৌরাণিক ব্রতের উপাদানগুলি কী কী?

(জ) 'নারী-ব্রত' হিসেবে প্রাবন্ধিক কোন ধরনের ব্রতগুলিকে চিহ্নিত করেছেন?

(ঝ) 'কাব্যজিজ্ঞাসা' কোন পত্রিকায়, কত বঙ্গাব্দে প্রকাশিত হয়?

(ঞ) আনন্দবর্ধন কোন শতাব্দীর আলংকারিক? তিনি কোন অঞ্চলের অধিবাসী ছিলেন?

(ট) অভিনব গুপ্তের প্রধান দুখানি গ্রন্থের নাম লেখো।

(ঠ) 'রসবাদ' ও 'ধ্বনিবাদ'-এর একজন করে আলংকারিকের নাম লেখো।

(ড) 'অর্থযুক্ত পদসমুচ্চয়' বলতে লেখক কী বুঝিয়েছেন?

(ঢ) 'কাব্য জিজ্ঞাসা' গ্রন্থের 'রস' প্রবন্ধে প্রাবন্ধিক কার লেখা, কোন গল্পের উল্লেখ করেছেন?

(ণ) অভিনব গুপ্ত বিভাব ও অনুভাবকে কী বলে আখ্যা দিয়েছেন?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) 'ধর্মের বিপ্লবের মধ্যেও বাঙলার কাব্যরূপ নতুন নতুন উপাদান পেয়েছে।'—প্রাবন্ধিকের এই বক্তব্যের কারণ বিশ্লেষণ করো।

(খ) 'কিন্তু আসল কথা বলি,'—'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'আসল কথা' বলতে কী বুঝিয়েছেন?

(গ) 'সে দেশে পুরুষের আইন তাকে বাঁধতে পারেনি।'—'পুরুষের আইন' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?

(ঘ) 'রীতিরাত্মা কাব্যস্য'— এই মন্তব্যের যাথার্থ্য বিশ্লেষণ করো।

(ঙ) 'এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা'— অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' প্রবন্ধ গ্রন্থের 'ধ্বনি' প্রবন্ধ অবলম্বনে 'অতিরিক্ত বস্তু'-র স্বরূপ আলোচনা করো।

(চ) 'কাব্যনির্মাণকৌশলের তিন ভাগ।'— এই তিনটি ভাগ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ২×১০=২০

(ক) 'সুশিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা চাই।'— 'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই অভিমতটি ব্যাখ্যা করো।

*অথবা*

'বাঙালীর জাতিগত ইতিহাসের মধ্যেও তার অঙ্কুরের সন্ধান রয়েছে,'—'বাংলা কাব্যের গোড়ার কথা' প্রবন্ধ অনুসরণে বক্তব্যটি বিস্তারিত করো।

(খ) 'রসের ব্যঞ্জনাই বাক্যকে কাব্য করে।' — ধ্বনিবাদীদের এই অভিমতটি বিশ্লেষণ করো।

*অথবা*

'সাধারণীকরণ' বলতে আলংকারিকরা কী বোঝাতে চেয়েছেন তা 'রস' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় বাংলা : (সাম্মানিক)

## Course : DSE-1

সময় : ৩ ঘণ্টা | পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'শূরসুন্দরী' কাব্যটি কার লেখা? এই কাব্য প্রণেতার আর একটি কাব্যের নাম লেখো।

(খ) মাইকেল মধুসূদন রচিত ওড জাতীয় কাব্যগ্রন্থ কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়?

(গ) 'বৃত্রসংহার' ক-টি খণ্ডে প্রকাশিত হয়? কাব্যের মোট সর্গসংখ্যা কত?

(ঘ) মাইকেল মধুসূদনের 'মেঘনাদবধ কাব্য'-এর আদলে যে ব্যঙ্গ মহাকাব্যটি লেখা হয়েছিল, তার নাম কী? কার লেখা?

(ঙ) 'ভারত উদ্ধার' কার লেখা? এটি কী ধরনের কাব্য?

(চ) গৌতম বুদ্ধ ও যিশু খ্রিস্টের জীবন অবলম্বনে নবীনচন্দ্র সেন কোন কোন কাব্য রচনা করেন?

(ছ) 'অপূর্ব বীরাঙ্গনা' কাব্যটি কে লেখেন? মধুসূদনের প্রভাবে লেখা তাঁর অপর কাব্যটির নাম কী?

(জ) 'অভিমন্যুবধ' অবলম্বনে লেখা মানকুমারী বসু রচিত কাব্যগ্রন্থটির নাম কী? তাঁর লেখা অন্য একটি কাব্যের নাম লেখো।

(ঝ) রামমোহন রায়ের লেখা দুটি বিচারমূলক রচনার নাম লেখো।

(ঞ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত সাহিত্যবিষয়ক সমালোচনা গ্রন্থটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়?

(ট) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় রচিত একমাত্র প্রবন্ধ-গ্রন্থ কোনটি? এটি কোন রচনার প্রত্যুত্তর রূপে লেখা হয়েছিল?

(ঠ) 'চারুপাঠ' কার লেখা? এটি ক-টি খণ্ডে সম্পূর্ণ?

(ড) বঙ্কিমচন্দ্রের সাহিত্য সমালোচনা বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো।

(ঢ) হরপ্রসাদ শাস্ত্রীর প্রকৃত নাম কী? তাঁর লেখা একটি প্রবন্ধের নাম লেখো।

(ণ) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থটি কার লেখা? তাঁর আত্মকাহিনিটির নাম কী?

২। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'বৃত্রসংহার কাব্য' কবে প্রকাশিত হয়েছিল? এই কাব্য রচনায় কবির কৃতিত্ব বিচার করো।

(খ) 'অবকাশরঞ্জিনী' কার লেখা? এই কাব্যের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) গোবিন্দচন্দ্র দাসের কবিপ্রতিভার মূল্যায়ন করো। কবি কী অভিধায় পরিচিত ছিলেন?

(ঘ) রামমোহন রায়ের গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।

(ঙ) বঙ্কিম অনুসারী প্রাবন্ধিক অক্ষয়চন্দ্র সরকারের প্রবন্ধ সাহিত্যের পরিচয় দাও। তিনি কোন পত্রিকা সম্পাদনা করতেন?

(চ) প্রবন্ধকার হিসেবে দেবেন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্বের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। তিনি কোন পত্রিকা প্রকাশ করেছিলেন?

৩। 'ক' অথবা 'খ' এবং 'গ' অথবা 'ঘ'-এর মধ্যে থেকে একটি করে মোট *দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'আখ্যানকাব্য' বলতে কী বোঝো? উনবিংশ শতাব্দীর আখ্যানকাব্য ধারার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

*অথবা*

(খ) রোমান্টিক গীতিকবি হিসেবে অক্ষয়কুমার বড়ালের কৃতিত্ব বিচার করো।

(গ) বিদ্যাসাগরকে রবীন্দ্রনাথ 'বাংলা ভাষার প্রথম যথার্থ শিল্পী' বলেছিলেন। রবীন্দ্রনাথের এই অভিমতের কারণ ও যাথার্থ্য বিচার করো।

*অথবা*

(ঘ) বঙ্কিমচন্দ্রের ব্যঙ্গাত্মক ও সরস প্রবন্ধ সাহিত্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : DSE-2

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'কাল্পনিক সংবদল' কার লেখা? কোন ধরনের নাটক?

(খ) হরচন্দ্র ঘোষের দুটি অনুবাদ নাটকের নাম লেখো।

(গ) 'বিধবাবিবাহ নাটক' কার লেখা? নাটকটির প্রকাশকাল লেখো।

(ঘ) 'নবনাটক' কার রচনা? নাটকটি কোন থিয়েটারের জন্য রচিত হয়?

(ঙ) 'এমন কর্ম আর করব না' কার রচনা? এই রচনাটি দ্বিতীয় কোন নামে পরিচিত?

(চ) সাধারণ রঙ্গালয়ের যুগ বলতে কী বোঝায়?

(ছ) 'ভারতে যবন' এবং 'বঙ্গের সুখাবসান' নাটকদুটির রচয়িতাদের নাম লেখো।

(জ) 'সরলা' কোন জনপ্রিয় উপন্যাসের নাট্যরূপ? এই নাট্যরূপ কে দিয়েছিলেন?

(ঝ) বাংলা উপন্যাসে 'বঙ্কিমযুগ' বলতে কী বোঝায়?

(ঞ) রবীন্দ্রনাথের কোন উপন্যাসে দেবমন্দিরে পশুবলির বিরোধিতা আছে? এই উপন্যাসটি নিয়ে রবীন্দ্রনাথ তাঁর কোন নাটক লিখেছিলেন?

(ট) 'মডেল ভগিনী' এবং 'ফুলজানি' উপন্যাস দুটির রচয়িতা কারা?

(ঠ) বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

(ড) ভীলদের বিদ্রোহ নিয়ে উনিশ শতকের কোন ঐতিহাসিক উপন্যাস রচিত হয়? রচয়িতা কে? প্রকাশকাল কত?

(ঢ) 'রামেশ্বরের অদৃষ্ট' এবং 'দামিনী' কোন ধরনের রচনা? কার রচনা?

(ণ) সার্থক ছোটোগল্প রচনার আগে রবীন্দ্রনাথ যে-চারটি গল্প লিখেছিলেন, তাদের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) উপেন্দ্রনাথ দাসের নাটকগুলির বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো।

(খ) প্রতিবাদী নাটক রচনায় মীর মশাররফ হোসেনের অবদান ব্যাখ্যা করো।

(গ) বাংলা নাটকের বিবর্তনে মনোমোহন বসুর অবস্থান বুঝিয়ে দাও।

(ঘ) ঔপন্যাসিক হিসেবে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের স্বাতন্ত্র্য ব্যাখ্যা করো।

(ঙ) প্রাক্-বঙ্কিম পর্বে উপন্যাস রচনার প্রয়াসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) ছোটোগল্পকার হিসেবে স্বর্ণকুমারী দেবীর মূল্যায়ন করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ২×১০=২০

(ক) আধুনিক বাংলা নাটকের রূপকার হিসেবে মধুসূদন দত্তের সাফল্য-ব্যর্থতা নিরূপণ করো।

*অথবা*

পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের ভূমিকা আলোচনা করো।

(খ) ইতিহাসাশ্রিত উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।

*অথবা*

রবীন্দ্র ছোটোগল্পের প্রথম যুগের প্রবণতাগুলি চিহ্নিত করে ব্যাখ্যা করো।

---

# B.A. 5th Semester (General) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাধারণ স্নাতক)

## Course: DSE-1A/2A

## (উনিশ শতকের বাংলা উপন্যাস)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'বঙ্গাধিপ পরাজয়' কার লেখা? লেখকের অন্য একটি উপন্যাসের নাম লেখো।

(খ) 'আলালের ঘরের দুলাল' কত সালে, কে রচনা করেন?

(গ) উনিশ শতকের প্রথম ব্যঙ্গ-উপন্যাস কোনটি? রচয়িতা কে?

(ঘ) বঙ্কিমচন্দ্রের দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(ঙ) 'কাঞ্চনমালা', 'বেনের মেয়ে' রচনা দুটির লেখকের নাম প্রকাশসালসহ লেখো।

(চ) শিবনাথ শাস্ত্রীর যে-কোনো দুটি উপন্যাস প্রকাশকালসহ লেখো।

(ছ) 'সমাজ' উপন্যাসটির রচয়িতা কে? এটি কোন সালে প্রকাশিত?

(জ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অগ্রজের নাম কী? তাঁর ভ্রমণ বিষয়ক রচনাটির নাম প্রকাশসালসহ লেখো।

(ঝ) মীর মশাররফ হোসেনের দুটি উপন্যাসের নাম উল্লেখ করো।

(ঞ) 'স্বর্ণলতা' ও 'স্নেহলতা' উপন্যাস দুটি কার কার লেখা?

(ট) শৈবলিনী গোবিন্দলাল চরিত্র দুটি কোন কোন উপন্যাসের? ওই উপন্যাস দুটির আরও একটি করে চরিত্রের নাম লেখো।

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম যথার্থ উপন্যাস কোনটি? উপন্যাসটির রচনাকাল লেখো।

(ড) বাংলা সাহিত্যে প্রথম সার্থক মহিলা ঔপন্যাসিক কে? তাঁর দুটি উপন্যাসের নাম লেখো।

(ঢ) উনিশ শতকে প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসগুলি প্রকাশসালসহ ক্রমানুসারে উল্লেখ করো।

(ণ) উনিশ শতকের দুটি উল্লেখযোগ্য সামাজিক উপন্যাসের নাম প্রকাশসালসহ উল্লেখ করো।

২। নিম্নলিখিত *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) 'হুতোম প্যাঁচার নকশা' কত সালে প্রকাশিত হয়েছে? বাংলা উপন্যাসের ইতিহাসে রচনাটির অবদান আলোচনা করো।

(খ) ঐতিহাসিক উপন্যাস রচনায় রমেশচন্দ্র দত্তের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) 'কল্পতরু' উপন্যাসের রচয়িতা কে? উপন্যাসটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) দামোদর মুখোপাধ্যায় রচিত উপন্যাসে প্রতিফলিত সমাজভাবনার পরিচয় দাও।

(ঙ) 'ঐতিহাসিক উপন্যাস' কার লেখা? এই ঔপন্যাসিকের উপন্যাস রচনায় কৃতিত্ব নিরূপণ করো।

(চ) চন্দ্রশেখর মুখোপাধ্যায়-এর উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'আলাল' কার ছদ্মনাম? এই ছদ্মনামে রচিত গ্রন্থটির গুরুত্ব বিচার করো।

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক ও পারিবারিক উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে উপন্যাসগুলির বিশেষত্ব আলোচনা করো।

(গ) স্বর্ণকুমারী দেবীর প্রথম উপন্যাস কোনটি? বাংলা উপন্যাস রচনায় তাঁর প্রতিভার পরিচয় দাও।

(ঘ) উনিশ শতকের বাংলা উপন্যাসের উদ্ভব ও ক্রমবিকাশের স্তরগুলি সংক্ষেপে আলোচনা করো।

---

# B.A. 5th Semester (General) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা

## Course: DSE-1A/2A (OR)

## (উনিশ শতকের বাংলা গল্প)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকে রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ছোটোগল্প কোন পত্রিকায় সবথেকে বেশি প্রকাশিত হয়েছিল? পত্রিকাটির প্রকাশসাল লেখো।

(খ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো।

(গ) স্বর্ণকুমারী দেবী নিজের গল্পসংকলনটির কী নাম দিয়েছিলেন? তাঁর প্রথম ছোটোগল্পের বই কত সালে প্রকাশিত হয়েছিল?

(ঘ) পণপ্রথা অবলম্বনে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের একটি ছোটোগল্পের নাম লেখো। ওই গল্পের নায়িকা কে?

(ঙ) প্রভাতকুমার মুখোপাধ্যায় রচিত দুটি হাস্যরসাত্মক ছোটোগল্পের নাম লেখো।

(চ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের বিশিষ্ট দুটি গল্পের নাম প্রকাশসালসহ লেখো।

(ছ) 'একটি আষাঢ়ে গল্প', 'মধ্যবর্তিনী' গল্প দুটির লেখক কে?

(জ) উনিশ শতকে প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি অতিপ্রাকৃত শ্রেণির ছোটোগল্পের নাম লেখো।

(ঝ) 'মধুমতী' গল্পটি কার লেখা? এটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঞ) উনিশ শতকে প্রকাশিত ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের দুটি গল্পগ্রন্থের নাম প্রকাশসালসহ লেখো।

(ট) 'ফটিক' এবং 'চন্দরা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কোন গল্পের চরিত্র?

(ঠ) 'নয়নচাঁদের ব্যবসা' ও 'বলবান জামাতা' কার কার রচনা?

(ড) 'সাধনা' পত্রিকায় প্রকাশিত উল্লেখযোগ্য কয়েকটি ছোটোগল্পের নাম লেখো।

(ঢ) 'পোস্টমাস্টার' গল্পটি কোন পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়েছিল?

(ণ) স্বর্ণকুমারী দেবীর দুটি ছোটোগল্পের নাম লেখো। তাঁর গল্প প্রকাশিত হয়েছে এমন একটি পত্রিকার নাম লেখো।

২। নিম্নলিখিত *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) তারকনাথ গঙ্গোপাধ্যায় রচিত ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) বিদেশের পটভূমিতে রচিত প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দুটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'একরাত্রি' গল্পটির রচয়িতা কে? গল্পটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এর বিশিষ্টতা আলোচনা করো।

(ঘ) উনিশ শতকের বাংলা ছোটোগল্পে প্রকাশিত আঙ্গিকগত স্বরূপ বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'কঙ্কাবতী' গল্পগ্রন্থের রচয়িতা কে? উক্ত গল্পগ্রন্থের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

(চ) উনিশ শতকে প্রকাশিত নগেন্দ্রনাথ গুপ্তের গল্পগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) ছোটোগল্পের সংজ্ঞা দাও। ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) 'সাধনা' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পগুলির পরিচয় দিয়ে এগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) উনিশ শতকে প্রকাশিত বাংলা ছোটোগল্পে তৎকালীন সমাজজীবনের ছবি কীভাবে ফুটে উঠেছে তা উদাহরণসহ লেখো।

(ঘ) উনিশ শতকের বাংলা ছোটোগল্পে হাস্যরসাত্মক গল্পের পরিচয় দিয়ে এই ধারার গল্পের বৈশিষ্ট্য উল্লেখ করো।

---

s.u



# B.A. 5th Semester (General) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাধারণ স্নাতক)

## Course: SEC-3

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও : ৫×২=১০

(ক) 'হলুদ সাংবাদিকতা' কাকে বলে?

(খ) প্রতিবেদন ও সংবাদের মধ্যে পার্থক্য কোথায়?

(গ) বিষয়নিষ্ঠ প্রবন্ধ বলতে কী বোঝায়?

(ঘ) প্রতিবেদনের আভিধানিক অর্থ কী?

(ঙ) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝায়?

(চ) দুটি ব্যক্তিগত প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ছ) প্রতিবেদন রচনার ভাষা কেমন হওয়া উচিত?

(জ) দুটি বস্তুনিষ্ঠ প্রবন্ধের উদাহরণ দাও।

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রবন্ধ রচনার বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের স্বরূপগত তুলনামূলক আলোচনা করো।

(গ) প্রতিবেদনের বিবিধ শ্রেণি সম্বন্ধে নাতিদীর্ঘ আলোচনা করো।

(ঘ) অতিরিক্ত মোবাইল ফোন ব্যবহারের কুফল বিষয়ে শিরোনামসহ সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন লেখো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) প্রবন্ধ লেখো : দৈনন্দিন জীবনে গণমাধ্যমের ভূমিকা

(খ) প্রবন্ধ লেখো : 'বিশ্বকাপ ক্রিকেট-২০২৩'

(গ) মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। এর একটি উপযুক্ত শিরোনাম দাও।

(ঘ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যবৃদ্ধি প্রসঙ্গে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

———